

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION


সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচার পত্র নং-৩৮/২০২১

তারিখঃ ১৪/০৬/২০২১খ্রিঃ

সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, পরিচালক (ট্রাফিক) এর দপ্তর বিজ্ঞপ্তি নং-৫৩/২০২১, তারিখ-১২/০৬/২০২১খ্রিঃ সম্মানিত সদস্য/সদস্যাবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।



দেবাশীষ চৌধুরী
সহকারী সচিব

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ পরিচালক (ট্রাফিক) এর দপ্তর

বিজ্ঞপ্তি নং-৫৩/২০২১

তারিখঃ ১২/০৬/২০২১ইং।

বিষয়ঃ নতুন সি এন্ড এফ এজেন্ট লাইসেন্সের তালিকাভুক্তি ফি ও মেয়াদ, তালিকাভুক্তি নবায়নের ক্ষেত্রে নবায়ন ফি ও মেয়াদ এবং বর্ধিত নিরাপত্তা জামানত ইত্যাদি নির্ধারণ প্রসঙ্গে।

এতদ্বারা সকল সি এন্ড এফ এজেন্টদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের Regulations for working of Chittagong Port (Cargo and Container), 2001 এর ৭৩ ধারার আলোকে চবক বোর্ড সিদ্ধান্ত নং-১৮৪৪৭ তারিখঃ ২৫/০৫/২০২১ইং মূলে কাস্টমস্ এর সি এন্ড এফ এজেন্ট লাইসেন্সিং বিধিমালা ২০১৬ এর সাথে সামঞ্জস্য রেখে চট্টগ্রাম বন্দরে সি এন্ড এফ এজেন্ট লাইসেন্সের তালিকাভুক্তি ও নবায়ন উভয়ের মেয়াদ ০৫ (পাঁচ) বৎসর নির্ধারণ করা হলো। নতুন লাইসেন্স তালিকাভুক্তি ফি, নবায়নের ফি এবং নতুন তালিকাভুক্তির ক্ষেত্রে নিরাপত্তা জামানত নিম্নরূপে নির্ধারণ করা হলো।

- ১। নতুন লাইসেন্স তালিকাভুক্তি ফি ১,০০০/- (এক হাজার) টাকা (ভ্যাট প্রযোজ্য হারে)।
- ২। তালিকাভুক্তি নবায়ন ফি ৫০০/- (পাঁচশত) টাকা (ভ্যাট প্রযোজ্য হারে)।
- ৩। নতুন তালিকাভুক্তির ক্ষেত্রে নিরাপত্তা জামানত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা।

উল্লেখ্য, Regulations for working of Chittagong Port (Cargo and Container), 2001 এর ৭৩ ধারা মোতাবেক সকল সি এন্ড এফ এজেন্টদেরকে বন্দরে তালিকাভুক্ত হতে হবে এবং এ তালিকাভুক্তি প্রতি ০৫ (পাঁচ) বৎসর পর পর নবায়ন করতে হবে। এতদসংক্রান্ত যাবতীয় নিয়মাবলী অফিস চলাকালীন সময়ে অত্র দপ্তরের শিপিং শাখা থেকে সংগ্রহ করা যাবে।

উক্ত মতে সকল সি এন্ড এফ এজেন্টদেরকে কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

স্বাক্ষরিত/-

পরিচালক (ট্রাফিক)

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

তারিখঃ ১২/০৬/২০২১ইং।

নথি নং-ডিটি/শিপ/সিএন্ডএফ/এনলিষ্টমেন্ট/নবায়ন/২০০৩